24

দৈনিক সংবাদ

তারিখ ... 19.MAR.1995...

পৃষ্ঠা 4 কলাম 8

# আনন্দমোহন কলেজে ছাত্রভর্তি বন্ধ

ময়মনসিংহ, ১৮ই মার্চ (নিজস্ব সংবাদদাতা)।— সরকারি আনন্দমোহন বিশ্ববিদ্যালয় কলেজে মাস্টার্স প্রথম পর্ব ও স্নাতক সম্মানে ছাত্রছাত্রী ভর্তি বন্ধ রাখা হয়েছে।

চলতি শিক্ষাবর্ষে ভর্তি সংক্রান্ত সৃষ্ট জটিলতা নিরসন এবং আসন সংখ্যা বৃদ্ধির দাবিতে কলেজের ছাত্র সংসদ (আমেকসু) ও সর্বদলীয় ছাত্র ঐক্য যৌথভাবে ছাত্রছাত্রী ভর্তি বন্ধ করে রেখেছে। ভর্তির শেষ তারিখ ছিল ১২ই মার্চ। জানা গেছে, সরকারি আনন্দমোহন বিশ্ববিদ্যালয় কলেজ জাতীয় বিশ্ববিদ্যায়ের অধীনে আসায় অতিরিক্ত ১০টি বিষয়ে মাস্টার্স কোর্স চালু হয়েছে।

পাশাপাশি আসন সংখ্যা সীমিত করে ফেলেছে। বর্তমানে ১২টি বিষয়ে মাত্র ৩২০ জন ছাত্রছাত্রী ভর্তি করার জন্য জাতীয় বিশ্ববিদ্যালয় নির্দেশ দেয়। এ ব্যাপারে কলেজ ছাত্র সংসদ ও স্থানীয় সাংসদদের নিয়ে শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখা করে ১২টি বিষয়ে ১ হাজার ৪শ' ৫০ জন ছাত্রছাত্রী ভর্তি করার দাবি জানানো হয়। পরবর্তীতে শর্ত সাপেক্ষে ৫৩০ জন ছাত্রছাত্রী ভর্তির নির্দেশ প্রদান করা হয়।

নেতৃবৃন্দ বলেন, জাতীয় বিশ্ববিদ্যালয়ের কৃতুতা প্রত্যক্ষভাবে উচ্চশিক্ষা থেকে জাতিকে বঞ্চিত করার এক ঘৃণ্য নীল নকশা।